



কৃতি শিক্ষার্থীদের ঘোড়ার গাড়িতে চড়িয়ে শাহজাদপুরে আনন্দ শোভাযাত্রা

লেখক: প্রকাশক | প্রকাশিত: 13 August 2026, 09:21 AM | বিভাগ: সারাদেশ



এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও ঘোড়ার গাড়িতে চড়িয়ে আনন্দ শোভাযাত্রা করছে শাহজাদপুরে আবু তালবে মমেরিয়াল স্কুল।

বুধবার (১২ আগস্ট) সকাল ১১টার দিকে শাহজাদপুর পৌরসভার বাড়াবলি উত্তরপাড়ায় অবস্থিত বদ্যালয়রে নজিস্ব ক্যাম্পাস থেকে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রাটি বের করা হয়।

শোভাযাত্রায় কৃতি শিক্ষার্থীদের ঘোড়ার গাড়িতে বসিয়ে বাদ্যযন্ত্র বাজিয়ে শাহজাদপুরে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করা হয়। এ সময় সড়করে দুই পাশে অবস্থান নেওয়া অভিবাক ও স্থানীয় বাসিন্দারা করতাল দিয়ে শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান।

আনন্দ শোভাযাত্রায় উপস্থিত ছিলেন বদ্যালয়রে প্রতিষ্ঠাতা পরিচালক ও শাহজাদপুর সাংবাদিক ফোরামরে সাধারণ সম্পাদক তাহসনি নূরী খোকন, প্রধান শিক্ষক আলমগীর হোসেনসহ বদ্যালয়রে

শিক্ষকরা।

অনুষ্ঠানে কৃতশিক্ষার্থী রাহাত হোসেন ও তনমি আক্তার তাদের সাফল্যের জন্য মহান আল্লাহর কাছে শুকরিয়া আদায় করেন। একই সঙ্গে তাদের সাফল্যের পছন্দে শিক্ষকদেরে দকিনরিদশেনা ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন তারা।

বিদ্যালয় সূত্রে জানা যায়, চলতি বছরে এসএসসি পরীক্ষায় আবু তালবে মমোরিয়াল স্কুল থেকে মোট ১৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে। এর মধ্যে ১৮ জন শিক্ষার্থী সফলতার সঙ্গে উত্তীর্ণ হয়েছে।

বিদ্যালয়ের সাফল্য ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে প্রতিষ্ঠাতা পরিচালক তাহছনি নূরী খোকন বলেন, “কম খরচে মানসম্মত শিক্ষা নিশ্চিতি করে এলাকার দরিদ্র ও মধ্যবী শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত করাই আমাদের মূল লক্ষ্য। এই সাফল্যের ধারা অব্যাহত রাখতে আমরা ইতিমধ্যে নানা ধরনের পরিকল্পনা গ্রহণ করছি।”

উল্লেখ্য, মানসম্মত শিক্ষা নিশ্চিতি করার লক্ষ্য নিয়ে ২০১৮ সালে আবু তালবে মমোরিয়াল স্কুল প্রতিষ্ঠিত হয়। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ২৫১ জন শিক্ষার্থী ও ১৯ জন অভিজ্ঞ শিক্ষক রয়েছেন।

© 2026 আপনার নভিজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।